গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ
www.sports.sunamganj.gov.bd

০৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
স্মারক নং- ৩৪.০২.৬০৯০.০৩১.১৬.০০১.২৬-৪৪ তারিখ: ২১ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচী উপজেলা পর্যায়ে আন্ত:ইউনিয়ন দল গঠনের লক্ষ্যে অনলাইন রেজিস্ট্রেশন ও বহুল প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় সরকারের নির্বাচনী ইসতেহার বাস্তবায়নের জন্য দেশের তৃণমূল থেকে জাতীয় পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচী ২য় পর্যায় পরিচালিত হবে। লেখাপড়ার পাশাপাশি খেলাধূলার মাধ্যমে ১০-১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণ, বাছাই এবং রাষ্ট্রীয়ভাবে তাদের মেধা বিকাশের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে দেশব্যাপী ২০২৬-২৭ এর আওয়াতায় ০১ জুলাই হতে ৩১ আগস্ট, ২০২৬ পর্যন্ত রেজিস্ট্রেশন চলমান থাকবে এবং উপজেলা পর্যায়ে ১০টি ইভেন্ট নিয়ে আন্ত:ইউনিয়ন প্রতিযোগিতা আগামী সেপ্টেম্বর ২০২৬ থেকে শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় স্বত:স্ফুর্তভাবে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার-প্রচারণা এবং www.notunkurisports.gov.bd লিংকে ১০-১৪ বছর বয়সী শিক্ষার্থী খেলোয়াড়দের ০১ জুলাই হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্নকরণে সার্বিক সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

১। উল্লেখ্য যে, ০১/০৯/২০১২ থেকে ৩১/০৮/২০১৬ এর মধ্যে জন্মগ্রহণকারী শিক্ষার্থী খেলোয়াড় রেজিস্ট্রেশন করতে পারবে।
২। উপজেলার প্রতিটি ইউনিয়নে ১০টি ইভেন্ট ভিত্তিক উপযুক্ত দল গঠনের লক্ষ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং সকল দলসমূহ অনলাইন রেজিস্ট্রেশন ভুক্ত হতে হবে। পৌরসভার দল গঠনের ক্ষেত্রেও সকল দলসমূহ অনলাইন রেজিস্ট্রেশন ভুক্ত হতে হবে।
৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন ব্যানার প্রদর্শন করার নির্দেশনা রয়েছে।

সংযুক্ত: '' নতুন কুঁড়ি স্পোর্টস" রেজিস্ট্রেশন নির্দেশিকা।

২১.০৭.২০২৬
(মোঃ সোহাগ মিয়া)
জেলা ক্রীড়া অফিসার, সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
'নতুন কুঁড়ি স্পোর্টস' জেলা কমিটি
ফোন: ০২৯৯৮৮৪২১২৯
ই-মেইল: sisohag121216@gmail.com

১. প্রশাসক, সুনামগঞ্জ পৌরসভা
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ
৩. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ
৫. উপজেলা যুব উন্নয়ন অফিসার (সকল), সুনামগঞ্জ
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), সুনামগঞ্জ

০৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
স্মারক নং- ৩৪.০২.৬০৯০.০৩১.১৬.০০১.২৬-৪৪ তারিখ: ২১ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ
৪। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ
৫। অফিস নথি

২১.০৭.২০২৬
(মোঃ সোহাগ মিয়া)
জেলা ক্রীড়া অফিসার
সুনামগঞ্জ

CamScanner

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া হলে পেশা
পরিবার পাবে ভরসা

ক্রীড়া পরিদপ্তর

# নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭

## রেজিস্ট্রেশন করুন

ক্রিকেট | ফুটবল | কাবাডি | মার্শাল আর্ট | অ্যাথলেটিক্স

দাবা | ভলিবল | সাঁতার | ব্যাডমিন্টন | টেবিল টেনিস

১০টি ইভেন্টে বালক-বালিকাদের অংশগ্রহণের সুযোগ

## আবেদনের নিয়মাবলী:

### অংশগ্রহণের বয়সসীমা:

১০ থেকে ১৪ বছর বয়সি ছাত্র ছাত্রী (জন্ম তারিখ: ০১/০৯/২০১২-৩১/০৮/২০১৬ এর মধ্যে)

### আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণীর ভর্তি, রেজিস্ট্রেশন কার্ড/ প্রাথমিক বিদ্যালয়ে (৫ম শ্রেণী পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি।
৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণীর সত্যায়িত টট লিস্ট এর কপি।
৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি

### ইভেন্ট সমূহ:

ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা, মার্শাল আর্ট ( কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ ২টি খেলায় অংশ নিতে পারবে)

### রেজিস্ট্রেশনের সময়সীমা:

০১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত

### রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:

notunkurisports.gov.bd

আয়োজনে:
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

